

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০২৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ মুসলিমদের মান-মর্যাদার প্রতি শ্রদ্ধা-প্রদর্শন ও তাদের অধিকার-রক্ষা এবং তাদের প্রতি দয়া-দাক্ষিণ্যের গুরুত্ব

আরবী

وَعَنْ أَبِيْ عُمَارَةَ البَرَاءِ بنِ عَازِبِ رَضِيَ اللهُ عَنهُمَا قَالَ: أَمَرَنَا رَسُوْلُ اللهِ عَيَادَة المَريض وَاتِّبَاعِ الجَنَازَةِ وتَشْمِيتِ العَاطسِ، وَإِبْرَارِ وَنَهَانَا عَن سَبعٍ: أَمَرَنَا بعيَادَة المَريض وَاتِّبَاعِ الجَنَازَةِ وتَشْمِيتِ العَاطسِ، وَإِبْرَارِ المُقْسِم، ونَصْرِ المَظْلُوم وَإِجَابَةِ الدَّاعِي وَإِفْشَاءِ السَّلامِ ونَهَانَا عَنْ خَواتِيمٍ أَوْ تَخَتُّمٍ المُقْسِم، ونَهَانَا عَنْ خُواتِيمٍ أَوْ تَخَتُّمٍ بالفَضَّةِ وَعَن الميَاثِرِ الحُمْرِ وَعَن القَسِّيِّ وَعَنْ لُبْسِ الحَريرِ والإسْتبْرَقِ وَالدِّيبَاجِ مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

(৩০২৬) আবৃ উমারাহ বারা' ইবনে আযেব (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সাতটি কাজ করতে নির্দেশ দিয়েছেন এবং সাতটি কাজ করতে নিষেধ করেছেন। তিনি রোগী দেখতে যেতে, জানাযায় অংশগ্রহণ করতে, কেউ হাঁচি দিলে তার জবাব দিতে, শপথকারীর শপথ রক্ষা করতে, নিপীড়িতদের সাহায্য করতে, সালামের প্রসার ঘটাতে এবং কেউ দাওয়াত দিলে তা গ্রহণ করতে নির্দেশ দিয়েছেন। আর তিনি আমাদেরকে সোনার আংটি পরতে, রূপার পাত্র ব্যবহার করতে, রেশমের জিনপোশ, কাস্পী, ইস্তাবরাক ও দীবাজ (সর্বপ্রকার রেশমী পোশাক) ব্যবহার করতে নিষেধ করেছেন।

ফুটনোট

(বুখারী ১২৩৯, মুসলিম ৫৫১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবন আযিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন